



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/পনি/উমা-১৬৪

তারিখ : ৩১ মার্চ ২০১৭

বিষয় : ২০১৭ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) এবং ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ (ডিআইবিএস) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের শনিবারে পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে শনিবার অনাষ্ঠিতব্য ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন বিজনেস (ডিআইবিএস) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৭ টা থেকে রাত ১০ টা পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে।

তবে শর্ত থাকে যে,

১. উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ৯.৩০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশপত্রে উল্লিখিত দ্রব্যের বাইরে কিছু রাখা যাবে না।
৩. কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দিষ্টভাবে অনুরোধ করা হ'ল।

বিষয়টি অতীব জরুরি ও জনগুরুত্বপূর্ণ।

প্রাপক

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৬২৩১

স্মারক নম্বর- রাশিবো/উমা-২২৯/১-৪২/পনি

তারিখ : ৩১ মার্চ ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা
২. তত্ত্বাবধায়ক কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর আওতাধীন সকল কেন্দ্র সমূহ
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর আওতাধীন সকল কেন্দ্র সমূহ
৪. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. অফিস নথি

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৫৯২১